ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
পরিচালক (ছাত্র কল্যাণ) দপ্তর
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন:+৮৮০-৭২১-৭৫০৮৮৫, E-mail : dsw@ruet.ac.bd )

## বিজ্ঞপ্তি ঃ-

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ( নং ৩১.০১.০০০০.০৫২.৬২.০০২.২০/৫১৫২ খ্রিঃ মোতাবেক) করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভুত পরিস্থিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন ঋণের আওতায় Smartphone ক্রয়ের জন্য ঋণ প্রদানের নিমিত্তে শিক্ষক/কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। ইতিপূর্বে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ হতে আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীরা Smartphone ক্রয়ের জন্য আবেদন করেছিল, শুধুমাত্র সেই সকল শিক্ষার্থীদেরকে নিম্নলিখিত Google form এ ঋন গ্রহণের জন্য **আগামী ১০ই ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনের নির্দেশ দেওয়া হইল।**

## নির্দেশনা (UGC এর নীতিমালার আলোকে )

১। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সিদ্ধান্ত মোতাবেক সুদবিহীন ঋনের সর্বোচ্চ সিলিং হইবে ৮,০০০/-(আট হাজার টাকা)।

২। ঋন গ্রহণের জন্য সরকারী অনুমোদনকৃত (সরকারী/বেসরকারী) যে কোন ব্যাংকে ছাত্র ছাত্রীদের নিজের নামে ব্যাংক এ্যাকাউন্ট থাকতে হবে। অবশ্যই ব্যাংকটি অনলাইন সেবা থাকতে হবে।

৩। প্রদত্ত Google form এ Softloan এর জন্য আবেদন করতে হবে। Google form এর জন্য লিংক:

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSf9tnt9HxpSvQVzgEYqppZex1HrOK0kKSwV02Ct38MtS210Ww/viewform?usp=sf_link

৪। সুদবিহীন এই ঋনের অর্থ Softloan প্রাপ্ত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন রূপালী ব্যাংক রুয়েট শাখার নিম্নলিখিত হিসাব নম্বরে পরিশোধ করতে হবে। A/c Name : Student Softloan (Android Device/Smartphone Purchase) A/c No : 3723010016880

৫। Smartphone ক্রয়ের ভাউচারটি সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আগামী ১০ই ফেব্রুয়ারী ২০২১ এর মধ্যে পরিচালক (ছাত্রকল্যাণ) দপ্তরে জমা দিতে হবে।

৬। ঋনের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাইবে না।

২৯/১১/২০২০

প্রফেসর ড. মোঃ রবিউল আওয়াল
শিক্ষার্থীদের Softloan অনুমোদন কমিটির
সভাপতি
ও
পরিচালক (ছাত্র কল্যাণ)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- রুয়েট/পরিছাক ঃ ১৩৭/(২১) তারিখ ঃ ১৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঃ
২৯ নভেম্বর, ২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-

১। মাননীয় ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। কম্পোট্রোলার, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
৬। নথি।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভূত পরিস্থিতিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন ঋনের আওতায় Android Device/ Smartphone- ক্রয়ের জন্য ঋণ প্রদানের নিমিত্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন "শিক্ষার্থীদের Softloan নীতিমালা" প্রণয়ন করিল।**

১। শিরোনাম ঃ

এই নীতিমালা পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের **Android Device/ Smartphone**-ক্রয় সংক্রান্ত ঋণ প্রদান নীতিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা ঃ

বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) "কমিশন" অর্থ ১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-১০ দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) "বিশ্ববিদ্যালয়" অর্থ বাংলাদেশে আইন দ্বারা প্রতিষ্ঠিত সরকারী বিশ্ববিদ্যালয়;

(গ) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী;

(ঘ) "ঋণ" অর্থ **Android Device/ Smartphone** ক্রয়ের জন্য প্রদেয় ঋণ;

(ঙ) "ঋণ গ্রহীতা" অর্থ পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থী যাহারা এই নীতিমালার আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন;

৩। নীতিমালা প্রয়োগ ঃ

এই নীতিমালা পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ

এই নীতিমালার ২ (ঙ) অনুসারে আবেদনকারীকে শিক্ষার্থী হইতে হইবে।

৫। ঋণের নির্ধারিত সর্বোচ্চ সিলিং ঃ

(ক) ঋণের সর্বোচ্চ সিলিং হইবে ৮,০০০/- (আট হাজার টাকা)।

৬। আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের **Smartphone** ক্রয়ের জন্য **Softloan** অনুমোদন কমিটিঃ

শিক্ষার্থীদের মধ্যে ঋণ বরাদ্দ সুপারিশ করার জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য একটি **"Softloan অনুমোদন কমিটি"** গঠন করিবেন।

৭। ঋণের সুদের হার ঃ

ইহা সুদমুক্ত ঋণ। ঋণ গ্রহীতাকে আসল অর্থ পরিশোধ করিবেন।

04/11/20

৮। ঋণ অনুমোদন প্রক্রিয়াকরণ ঃ

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে "শিক্ষার্থীদের Softloan" নামে পৃথক তহবিল/ব্যাংক হিসাব খুলিতে হইবে;

(খ) এই অর্থ বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক বরাদ্দের বিপরীতে অগ্রিম হিসেবে সংশ্লিষ্ট খাতে সংশোধিত বাজেটে বরাদ্দ প্রদান করা হইবে।

(গ) ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের যে তালিকা কমিশনে প্রেরণ করা হয়েছে তাদেরকে Softloan এর বিষয়টি যথাযথভাবে অবহিত করিতে হইবে।

(ঘ) "শিক্ষার্থীদের Softloan অনুমোদন কমিটি" সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক কমিশনে প্রেরিত তালিকায় শিক্ষার্থীর নাম আছে কিনা তা পুনরায় যাছাই করিয়া দেখিতে হইবে এবং কমিটির সুপারিশের আলোকে অনধিক ৮,০০০/- টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ব্যাংক হিসাবের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি, ২০২১ এর মধ্যে বরাদ্দ প্রদান করিবেন।

(ঙ) **Smartphone** ক্রয়ের ভাউচারটি সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ১০ ফেব্রুয়ারী ২০২১ এর মধ্যে **Softloan অনুমোদন কমিটি**'র সদস্য-সচিব এর নিকট জমা দিতে হইবে।

(চ) Softloan প্রাপ্ত শিক্ষার্থীদের একটি তালিকা ১৫ই ফেব্রুয়ারি, ২০২১ এর মধ্যে **"Softloan অনুমোদন** কমিটি"-এর সদস্য সচিবের মাধ্যমে বিভাগীয় সভাপতি/বিভাগীয় প্রধান/পরিচালক-এর নিকট প্রেরণ করিতে হইবে এবং অনুরূপ একটি তালিকা কমিশনের অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করিবেন।

৯। ঋণ আদায় পদ্ধতি ঃ

(ক) সুদ বিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করিতে হইবে।

(খ) ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাইবে না।

04/11/20